**Ex/CBCS/BNG/UG/DSE/5.32/2024**

## স্নাতক অন্ত্য-সেমেস্টার পরীক্ষা, ২০২৪

## ( তৃতীয় বর্ষ, প্রথম সেমেস্টার )

## রবীন্দ্রসাহিত্য - পর্ব-২

## কোর্স : ইউ.জি - ৫.৩২

**সময় : দু'ঘণ্টা** **পূর্ণমান : ৩০**

যে কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও।

**সব** প্রশ্নের মান সমান।

১. রবীন্দ্রনাথের 'বলাকা' কাব্যগ্রন্থের '৬ সংখ্যক' কবিতাটির নেতিবাচক ভাবনা কীভাবে সদর্থক ভাবনায় উত্তীর্ণ হয়েছে আলোচনা কর। ১০

**অথবা**

২. 'বলাকা' কাব্যগ্রন্থের '৭' ও '৯' সংখ্যক কবিতায় রবীন্দ্রভাবনা কী পরস্পর-বিরোধী বলে মনে হয়? এই সম্পর্কে তোমার মতামত যুক্তিসহ আলোচনা কর। ১০

৩. 'পুনশ্চ' কাব্যগ্রন্থে কবি বিষয়বস্তু ও নিরীক্ষার দিক থেকে কীভাবে অভিনবত্ব সৃষ্টি করেছেন তা আলোচনা করে বুঝিয়ে দাও। ১০

**অথবা**

৪. ভারতের মধ্যযুগীয় সন্ত-আখ্যানগুলিকে কীভাবে রবীন্দ্রনাথ 'পুনশ্চ' কাব্যগ্রন্থে ব্যবহার করে সমকালীন সমস্যাগুলিকে চিহ্নিত করেছিলেন তা তোমার পাঠ্য কবিতাগুলির দৃষ্টান্ত দিয়ে বুঝিয়ে দাও। ১০





৫. ''ডায়ারি একটি কৃত্রিম জীবন। কিন্তু যখনই উহাকে রচিত করিয়া তোলা যায়, তখনই ও আমাদের প্রকৃত জীবনের উপর কিয়ৎপরিমাণে আধিপত্য না করিয়া ছাড়ে না।'' 'ডায়ারি' কীভাবে আমাদের 'প্রকৃত জীবনের' উপরে আধিপত্য করে 'পরিচয়' প্রবন্ধ অবলম্বনে তার পরিচয় দাও। ১০

**অথবা**

৬. ''কৌতূহল জিনিসটা অনেক স্থলে নিষ্ঠুর; কৌতুকের মধ্যেও নিষ্ঠুরতা আছে।'' কৌতুকের মধ্যে কীভাবে 'নিষ্ঠুরতা' লুকিয়ে থাকে, পাঠ্য প্রবন্ধ অবলম্বনে আলোচনা কর। ১০

৭. ''কিন্তু কেবল অতীত বর্তমান নহে, প্রত্যেক মানুষের মধ্যে অতলস্পর্শ বিরহ।'' রবীন্দ্রনাথের এই বক্তব্য 'লিপিকা'-র 'মেঘদূত'-এ কীভাবে সত্য হয়ে উঠেছে আলোচনা কর। ১০

**অথবা**

৮. 'গল্পসল্প'-এর 'পরী' শীর্ষক রচনায় রবীন্দ্রনাথ রূপকথার আদল কীভাবে ব্যবহার করেছেন বিশ্লেষণ করে দেখাও। ১০

৯. জাতক কাহিনীর প্রভাব থাকলেও 'চণ্ডালিকা' রবীন্দ্রনাথের নিজস্ব নাট্যভাবনায় সমৃদ্ধ। মন্তব্যটি আলোচনা কর। ১০

**অথবা**

১০. 'চণ্ডালিকা' নাটকে ব্যবহৃত গানের প্রয়োগ-নৈপুণ্য ও অন্তর্নিহিত দর্শন বুঝিয়ে দাও। ১০

★ ★ ★